এম এস ওয়ার্ড ২০১৬ কী এবং কেন? বাংলা টিউটোরিয়াল ২০১৯ – পর্ব ০১

tutorial.hamimit.com/এম-এস-ওয়ার্ড-২০১৬-কী-এবং-ক



এম এস ওয়ার্ড ২০১৬ কী এবং কেন?

মাইক্রোসফট ওয়ার্ড ২০১৬ হলো **মাইক্রোসফট কর্পোরেশনের** মাইক্রোসফট অফিস ২০১৬ প্যাকেজের একটি ওয়ার্ড এডিটিং সফটওয়্যার।

এর সম্পর্কে বিস্তারিত জানতে **এখানে** ঘুরে আসতে পারেন।

মূলত **মাইক্রোসফট ওয়ার্ড ২০১৬** হলো ব্যক্তিগত এবং ব্যবসায়িক ডকুমেন্ট যেমন- চিঠিপত্র, রিপোর্ট, ইনভয়েস, ই-মেইল ও বই ইত্যাদি তৈরি এবং শুদ্ধ করার পৃথিবীর সবচাইতে সেরা জনপ্রিয় বহুল ব্যবহৃত এ্যাপ্লিকেশন প্রোগ্রাম।

ডিফল্ট অবস্থায় **মাইক্রোসফট ওয়ার্ড ২০১৬** প্রোগ্রামে ফাইল সংরক্ষণ করলে স্বয়ক্রিয়ভাবে **.docx** এক্সটেইনশন যুক্ত হয়।

মাইক্রোসফট ওয়ার্ড ২০১৬ যে সমস্ত কাজে ব্যবহৃত হয়ে থাকে-

- ছবি, চার্ট ও ডায়াগ্রাম সম্বলিত ব্যবসায়িক ডকুমেন্ট তৈরি এবং শুদ্ধ করা।
- কভার পেজ, কনটেন্ট তৈরি, সংরক্ষণ ও পুন: ব্যবহার/শুদ্ধকরণ কাজে ব্যবহৃত হয়।
- ব্যক্তিগত ও ব্যবসায়িক চিঠিপত্র লেখা সংরক্ষণ এবং শুদ্ধ করার জন্য।
- বিভিন্ন ধরণের ডকুমেন্ট তৈরি যেমন: বায়ো-ডাটা, দাওয়াপত্র ইত্যাদি কাজে ব্যবহৃত হয়।
- এছাড়াও বিভিন্ন ধরণের কাজে ব্যবহৃত হয়ে থাকে।

কাদের জন্য এ টিউটোরিয়াল?

এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সন সম্পর্কে খুব একটা জ্ঞান নেই এবং যারা ঘরে বসেই সম্পূর্ণ বাংলা ভাষায় চিত্র ও ভিডিওসহ ধারাবাহিকভাবে ওয়ার্ড ২০১৬ শিখতে চান তাদের জন্যেই এ টিউটোরিয়াল।

এই টিউটোরিয়াল থেকে আপনি **মাইক্রোসফট ওয়ার্ড ২০১৬** তথা সকল ভার্সনের ওপর যথেষ্ট জ্ঞান অর্জন করতে পারবেন।

যা আপনাকে পরবর্তীতে এক্সপার্ট ওয়ার্ড ইউজার হিসেবে তৈরি করতে সহায়ক হবে।

এম এস ওয়ার্ড ২০১৬ পূর্বশর্ত:

এই টিউটোরিয়ালটি শুরু করার পূর্বে আপনাকে কম্পিউটারের সাধারণ যন্ত্রাংশ যেমন- কীবোর্ড, মাউস, মনিটর ইত্যাদি সম্পর্কে মৌলিক ধারণা এবং কার্যসমূহ অবগত থাকতে হবে।

কম্পিউটার সম্পর্কে কোন কিছু জানার জন্য আমাদের কমেন্ট, মেইল অথবা সরাসরি ০১৯২৫ ১৬৫৩৭৩ কল করতে পারবেন।

যথাসাধ্য চেষ্টা করবো উত্তর দেবার, ইনশাআল্লাহ্।

কিছু কথা!

কোন কিছু শেখার জন্য দরকার আগ্রহ এবং অনুশীলন।

আমি নিশ্চিত বলতে পারি, এ দুটো যার মধ্যে রয়েছে তিনি অবশ্যই সাফল্য অর্জন করতে পারবেন।

আমাদের সাথেই থাকুন। আমি কথা দিচ্ছি কোন প্রশিক্ষণ কেন্দ্রে যেতে হবে না।

খুব সহজে ঘরে বসেই ওয়ার্ড ২০১৬ এর বেসিক ও ইন্টামিডিয়েট লেবেল পর্যন্ত জ্ঞান অর্জন করতে পারবেন, ইনশাআল্লাহ।

টিউনগুলো ইনফরমেশন ভিত্তিক হলো পরিচিত মহলে শেয়ার করুন। এতে আপনার পরিচিত মহল এবং আমিও একটু হলেও উপকৃত হবো।

টিউটোরিয়াল নিয়ে যে কোন সমস্যায় পড়লে কোন দ্বিধা ছাড়াই আমাকে সরাসরি ওপরে দেয়া নাম্বারে কল করতে পারেন।

পরবর্তী টিউটোরিয়াল কিভাবে **এম এস ওয়ার্ড ২০১৬ চালু করবেন**?

আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে এম এস ওয়ার্ড ২০১৬ চালু করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।

> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে পরিচিত মহলে শেয়ার করুন।